

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৬৫৬(আগরতলা, ২২।৫)

ধর্মনগর, ২২ মে ২০১৮

**যুবরাজনগর ঝকের বিভিন্ন এলাকা পরিদর্শনে মুখ্যমন্ত্রী**

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ যুবরাজনগর ঝকের মধুবন এ ডি সি ভিলেজ পরিদর্শন করেন। প্রথমে মধুবন ভিলেজ কমিটির অফিস প্রাঙ্গণে সকল অংশের মানুষের সঙ্গে তিনি মিলিত হন এবং জনসাধারণের সঙ্গে কথা বলেন। মুখ্যমন্ত্রী শ্রীদেব মধুবন বৈরাগী বাড়ি-হালাম বষ্টি রাস্তাটি ঘুরে দেখেন এবং রাস্তার বর্তমান পরিস্থিতি নিয়ে যুবরাজনগর ঝকের বি ডি ও'র সঙ্গে কথা বলেন। মুখ্যমন্ত্রী গ্রামোন্নয়ন দপ্তরের প্রধান সচিবকে এই ঝকের গত ৩ বছরের কাজের স্ট্যাটাস সম্পর্কে খোঁজ নিয়ে কোথাও কোন গাফিলতি থাকলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন। এরপর মুখ্যমন্ত্রী পশ্চিম তিলাই গ্রাম পঞ্চায়েতে তিলাই ছড়ার উপরের স্লুইচ গেইটটি পরিদর্শন করেন। ১৪ লক্ষ টাকা ব্যয়ে এখানে স্লুইচ গেইট করা হয়েছিল, যা মানুষের কোন কাজে আসছেন। মুখ্যমন্ত্রী এই স্লুইচ গেইটটি নিম্নমানের নির্মিত হওয়ায় ক্ষেত্রে প্রকাশ করেন এবং মুখ্য সচিব সহ অন্যান্য উচ্চ পদস্থ আধিকারিকদের এই বিষয়ে তদন্ত করতে নির্দেশ দেন। এরপর তিনি মধুবন হালাম বষ্টি এলাকার মানুষের সঙ্গে মিলিত হয়ে সেখানকার উন্নয়ন কাজ সম্পর্কে খোঁজ খবর নেন। সেখান থেকে মুখ্যমন্ত্রী আনন্দ বাজারে জীবন ত্রিপুরা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে এলাকাবাসীর সঙ্গে মিলিত হয়ে এলাকার সমস্যা সম্পর্কে অবহিত হন। এলাকাবাসী এই বিদ্যালয়ের সার্বিক অবস্থা সম্পর্কেও মুখ্যমন্ত্রীকে অবহিত করেন। ভিলেজের বিভিন্ন এলাকা পরিদর্শনকালে বিধায়ক বিশ্ববন্ধু সেন, মুখ্যসচিব সঞ্জিৰ রঞ্জন, গ্রামোন্নয়ন দপ্তরের প্রধান সচিব এল কে গুপ্তা, পূর্ত দপ্তরের সচিব শাস্ত্রনু উত্তর ত্রিপুরা জেলার জেলা শাসক রেভেল হেমেন্দ্র কুমার, অতিরিক্ত জেলা শাসক অদিতি মজুমদার, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক রাজেশ কুমার দাস, মহকুমা পুলিশ আধিকারিক জ্যোতিষ্ঠান দাস চৌধুরী সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং এলাকার সমাজসেবী টিংকু রায় ও যাদবলাল নাথ প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*